

কীভাবে তুলবেন পারফেক্ট সেলফি

পর্যাপ্ত আলো থাকতে হবে : আলো না থাকলে কিন্তু সেলফি ভালো হবে না। আলো ভালো না থাকলে সেলফিতে আপনার চেহারা হবে বিভ্রান্তিকর। কম আলো বা ছায়া যেমন সমস্যা, তেমনি অতি উজ্জ্বল আলোও কিন্তু সমস্যা—তাই পরিমিত আলোতে সেলফি তুলুন।
ব্যাকগ্রাউন্ড পরিষ্কার রাখুন : সেলফি শুধু আপনারই ছবি, তাই ব্যাকগ্রাউন্ড পরিষ্কার থাকটাই বাঞ্ছনীয়। সেলফি তোলার জন্য পরিষ্কার দেয়াল বা পর্দার ব্যাকগ্রাউন্ড ব্যবহার করুন। যতটা সম্ভব জটিল ব্যাকগ্রাউন্ড এড়িয়ে চলুন।

হাত স্থির রাখুন

এটা কষ্টকর হলেও গুরুত্বপূর্ণ। কারণ হাত নড়লে ছবি ঝাপসা বা কাঁপা কাঁপা হয়ে যায়। তাই স্বাভাবিক এবং আরামদায়ক ভঙ্গিতে পোজ দিন, যাতে হাত স্থির রাখতে সুবিধা হয়। একটু প্র্যাকটিস করুন, তারপর দেখবেন দারুণ সব সেলফি তুলে ফেলেছেন।

সঠিক অ্যাঙ্গেল

ফোনকে যতটা সম্ভব আপনার চেহারা থেকে দূরে রাখুন, কারণ ফোন চেহারার কাছে রাখলে মুখ চ্যাপটা হয়ে গেছে মনে হয়। আর আপনার স্মার্ট ফোনে রিভার্স ক্যামেরা থাকলে সেলফি তোলার আগে নিজের চেহারাটা একবার ফোনের স্ক্রিনে দেখে নিন। সবচেয়ে ভালো হয় ফোনটা ঠিক চোখের ওপরে ৪৫ ডিগ্রি কোণে কাত করে রাখলে। স্বাভাবিকভাবে ফোনটা ধরে নিজের মুখটা ফোনের দিকে সামান্য ঘুরিয়ে তুলে ফেলুন সেলফি।

উজ্জ্বল ত্বক

সেলফিতে ত্বক একটু উজ্জ্বল থাকলেই ভালো হয়। তাই যে প্রসাধনে আপনার মুখের ত্বক উজ্জ্বল দেখায়, সেটা ব্যবহার করে সেলফি তুলুন।



লেখা : অর্ণব
ছবি : সুদীপ্ত সালাম
মডেল : জেরিন

সেলফি ফ্যাক্টস

- সেলফি বলতে বোঝায় নিজের হাতে এবং ফোনে তোলা নিজের ছবি, যা সাধারণত অনলাইনে আপলোড করা হয়।
- প্রথম সেলফি তুলেছিলেন রবার্ট কর্নেলিয়াস ১৮৩৯ সালে।
- আধুনিককালে সেলফির প্রচলন শুরু হয় ২০০৪ সালে ফ্লিকারে। এরপর সাধারণের মাঝে সেলফি জনপ্রিয় হতে প্রায় এক দশক লেগেছে।
- কোরিয়ানরা সেলফিকে 'সেলকা' নামে ডাকেন। সেলফ এবং ক্যামেরা মিলে সেলকা।
- অক্সফোর্ড ইংলিশ ডিকশনারি ২০১৩ সালে সেলফি শব্দটিকে অন্তর্ভুক্ত করে।
- ২০১৩ সালের ২৮ আগস্ট এক টিনএজার পোপ ফ্রান্সিসের সঙ্গে সেলফি তোলে, যা 'প্যাপাল সেলফি' নামে পরিচিতি পায়।
- গত অস্কারে এলেন ডিজেনেরেসের অস্কার সুপারস্টারদের নিয়ে তোলা সেলফিটি বেশি রিটুইট হওয়ার রেকর্ড গড়ে। এটি মার্কিন প্রেসিডেন্টের 'ফোর মোর ইয়ারস' খ্যাত টুইটের রেকর্ড ভেঙে দেয়।